**গসপেলের বার্তা** - দয়া করে নিম্নের অনুচ্ছেদগুলি পড়ুন:

| | |
|---|---|
| জেন 1:1 | *সর্বপ্রথমে ঈশ্বর স্বর্গ এবং পৃথিবী বানিয়েছেন।* |
| রোম 3:23 | *প্রতিটি কৃত পাপের জন্য ভগবানের মহিমা ক্ষুণ্ণ হয়* |
| জন 8:34 | *প্রভু যীশু তাদের উত্তর দিয়েছেন, "নিশ্চিতভাবে, আমি তোমাদের বলি, যেই পাপ করুক না কেন সে পাপের দাস।* |

ঈশ্বর আমাদের সৃষ্টি করেছেন কিন্তু তা সত্বেও নিজেদের পাপী চরিত্রের জন্য আমরা তাঁকে জানতে পারি না এবং তাঁর থেকে আলাদা থাকি। ঈশ্বরকে ছাড়া আমাদের জীবনের কোনো অর্থ বা উদ্দেশ্য নেই। আমাদের পাপের পরিণতি (প্রদেয় মূল্য) হল মৃত্যু, আধ্যাত্মিক এবং দৈহিক উভয় দিক থেকেই। আধ্যাত্মিক মৃত্যুর অর্থ হল ঈশ্বরের কাছ থেকে পৃথক হয়ে যাওয়া। দৈহিক মৃত্যু হল শরীরের ক্ষয়প্রাপ্তি। আমরা যদি পাপের ফলে মৃত্যু লাভ করি তবে আমরা চিরদিনের জন্য ঈশ্বরের কাছ থেকে পৃথক হয়ে যাব এবং আমাদের স্থান হবে নরকে। আমরা কিভাবে নিজেদের পাপ থেকে রক্ষা করতে পারি ঈশ্বরের কাছে ফিরে যেতে পারি? আমরা নিজেদের রক্ষা করতে পারি না কারণ একজন পাপী ব্যক্তির পক্ষে নিজেকে রক্ষা করা সম্ভব নয় (যেরকম একজন ডুবে যাওয়া মানুষ নিজেকে রক্ষা করতে পারে না)। অন্যরাও আমাদেরকে রক্ষা করতে পারে না কারণ আমরা প্রত্যেকেই পাপী (একজন ডুবন্ত ব্যক্তি আর এক জন ডুবন্ত ব্যক্তিকে রক্ষা করতে পারে না কারণ দু'জনেরই সাহায্যের প্রয়োজন)। আমাদের পাপ থেকে মুক্ত করার

জন্য এমন কাউকে প্রয়োজন যিনি কিনা পাপ মুক্ত (ডুবন্ত নন)। শুধুমাত্র একজন নিষ্পাপ ব্যক্তিই আমাদের রক্ষা করতে পারেন। এই পাপের পৃথিবীতে এমন কোনো ব্যক্তিকে কিভাবে খুঁজে পাওয়া যেখানে সবাই পাপী।

| | |
|---|---|
| *রোম 6:23* | *পাপের শাস্তি হল মৃত্যু, এবং প্রভু যীশুর মধ্যে দিয়ে ঈশ্বরের শাশ্বত উপহার হল জীবন।* |
| *জন 3:16* | *ঈশ্বর পৃথিবীকে এতটাই ভালোবাসেন যে তিনি তাঁর সবচেয়ে প্রিয় পুত্রকে এখানে পাঠিয়েছেন, তাই যারা প্রভু যীশুকে বিশ্বাস করে তারা ক্ষয়প্রাপ্ত হবে না, বরং চিরন্তন জীবন লাভ করবে।* |
| *ম্যাট 1:23* | *"বিবেচনা কর, কুমারী মায়ের সন্তান রয়েছে, এবং রয়েছে একটি পুত্র, এবং তারা তাঁকে ইম্যানুয়েল বলে ডাকবে," যা কিনা অনুবাদ করা হয়েছে, "ঈশ্বর আমাদের সাথে রয়েছেন।"* |
| *জন 8:23* | *এবং তিনি তাদের বলেছেন, "তোমরা নীচের মানুষ, আর আমি ওপরের। তোমরা এই পৃথিবীর; কিন্তু আমি এই পৃথিবীর নই।* |
| *মার্ক 1:11* | *তারপর স্বর্গ থেকে একটি স্বর ভেসে আসে, "তুমিই আমার প্রিয় পুত্র, যাঁর জন্য আমি খুব খুশি।"* |
| *জন 8:36* | *তাই যদি ঈশ্বরের পুত্র তোমাদের মুক্তি দেন তবে তোমরা সত্যিই মুক্তি পাবে।* |

Copyright © www.gospel.net

| | |
|---|---|
| *জন্ 3:3* | *প্রভূ উত্তর দিলেন এবং তাকে বললেন, "নিশ্চিতভাবে, আমি তোমাকে বলছি, যতক্ষণ না পর্যন্ত কেউ পুনর্জন্ম লাভ করবে ততক্ষণ সে ঈশ্বরের রাজত্ব দেখতে পাবে না।"* |
| *জন্1:12* | *কিন্তু যখন অনেকে তাঁকে গ্রহণ করেছে, তাদেরকে তিনি ঈশ্বরের পুত্র হবার অধিকার দিয়েছেন, তাদের যারা ঈশ্বরের নামে বিশ্বাসী:* |

ঈশ্বর, যিনি আমাদের সৃষ্টি করেছেন এবং আমাদের ভালোবাসা দিয়েছেন, তিনিই আমাদের এই সমস্যার সমাধান দিয়েছেন। আমাদের জন্য তাঁর অত্যধিক ভালোবাসার জন্য তিনি আমাদের কাছে নিজের পুত্রকে পাঠিয়েছেন, যীশু, যিনি আমাদের পাপের জন্য মৃত্যু বরণ করেছেন। যীশু হলেন নিষ্পাপ কারণ তিনি এই পৃথিবীর নন, এবং, তিনি এই পৃথিবীতে থাকাকালীন সময়ে শয়তানের পাপ করানোর প্রলোভনকে অতিক্রম করেছিলেন। তাঁর জীবন স্বর্গে অবস্থিত ঈশ্বরকে তুষ্ট করেছিল। যীশু আমাদের পাপ গ্রহণ করেছিলেন এবং আমাদের পাপের জন্য ক্রুশে বিদ্ধ হয়ে মৃত্যুবরণ করেছিলেন। তিনি হলেন আমাদের জীবনের রক্ষাকর্তা (যীশু আমাদের রক্ষা করতে পারেন কারণ তিনি পাপে ডুবন্ত নন)। ক্রুশে বিদ্ধ হয়ে যীশু খ্রীষ্টের মৃত্যুবরণ করার কারণ হল আমাদের পাপের মূল্য দেওয়া এবং, অতঃপর, আমাদেরকে পাপমুক্ত করা এবং ঈশ্বরের সাথে আমাদের ভেঙে যাওয়া সম্পর্ক পুনঃস্থাপন করা। আমরা আধ্যাত্মিক মৃত্যু থেকে জীবিত ফিরে আসি (ঈশ্বরের থেকে বিচ্ছেদ) ঈশ্বরের ক্ষমতার মাধ্যমে। এই নতুন সম্পর্ক হল পুনরায় জন্ম গ্রহণ করা। এর ফলে আমাদের সৃষ্টির এবং অস্তিত্বের আসল উদ্দেশ্য পূরণ হয় এবং, আমাদের জীবনের আসল অর্থ এবং উদ্দেশ্য প্রদান করে।

| | |
|---|---|
| *জন্ 11:25* | *প্রভূ যীশু তাকে বলেছেন, "আমিই পুনর্জন্ম এবং আমিই জীবন। যারা আমাকে বিশ্বাস করে তারা মৃত হলেও জীবিত থাকবে।* |
| *রোম 6:9* | *একথা জানা যায় যে, প্রভূ মৃত্যু থেকে জেগে উঠেছিলেন তাই কখনো তিনি মৃত নন। মৃত্যু কোনোদিনই তাঁকে পরাধীন করতে পারেনি।* |
| *অ্যাক্টস্2:24* | *যাঁকে ঈশ্বর মৃত্যু থেকে পুনর্জাগরিত করেছেন, তিনি মৃত্যুর যন্ত্রণা কি তা জানেন না, কারণ এটা সম্ভব নয়।* |
| *রোম 14:9* | *এর পরিণতিতে প্রভূ খ্রীষ্ট মৃত্যুবরণ করেছেন, তা থেকে জেগে উঠেছেন এবং আবার জীবন যাপন করেছেন, তাই তিনিই হয়ত মৃত্যু এবং জীবনের অধিপতি।* |
| *অ্যাক্টস্1:11* | *তিনি একথাও বলেছেন, "গ্যালিলির মানুষেরা, কেন তোমরা স্বর্গের দিকে তাকিয়ে থাক? এই একই প্রভূ ঈশ্বর যাঁকে কিনা স্বর্গে নিয়ে যাওয়া হয়েছিল, তিনি ঠিক সেভাবেই ফিরে আসবেন যেভাবে তোমরা তাঁকে স্বর্গে চলে যেতে দেখেছ।"* |

প্রভূ যীশু যে আমাদের পাপের জন্য মৃত্যুবরণ করেছেন তা যে স্বর্গে ঈশ্বরের দ্বারা স্বীকৃত হয়েছে তার প্রমাণ কি? এর প্রমাণ হল ঈশ্বরের দ্বারা প্রভূ যীশুর মৃত্যু থেকে পুনরুত্থান। এই পুনরুত্থানের দ্বারা, এটি প্রমানিত হয় যে প্রভূ যীশু মৃত্যুকে অতিক্রম করেছেন (অথবা, অন্যভাবে, তাঁর ওপরে মৃত্যুর শক্তির কোনো প্রভাব নেই)। এখন, যেহেতু, প্রভূ যীশু জীবিত,

Copyright © www.gospel.net

তাই আমরাও জীবিত থাকতে পারি। তাঁর জীবন আমাদেরকে জীবন দান করে। যেহেতু তিনি পুনরুত্থিত তাই তিনিও আজ জীবিত।

| | |
|---|---|
| *জন্ 5:24* | *"নিশ্চিতভাবে, আমি তোমাদের বলি, যারা আমার কথা শুনবে এবং সেই ঈশ্বরে বিশ্বাস করবে যিনি আমাকে চিরন্তন জীবনের উপহার দিয়েছেন, এবং বিচার করেননি, কিন্তু মৃত্যু থেকে জীবনে উত্তরণ ঘটিয়েছেন।"* |
| *জন্ 10:9* | *আমিই মুক্তির দ্বার। যদি কেউ আমার মাধ্যমে প্রবেশ করে, তবে সে রক্ষা পাবে, এবং সেও মুক্তির পথ খুঁজে পাবে।* |
| *জন্ 14:6* | *প্রভু যীশু তাদের বলেছেন, "আমিই পথ, আমিই সত্য এবং আমিই জীবন। কেউই আমাকে ছাড়া ঈশ্বরের কাছে পৌঁছাতে পারে না।"* |
| *জন্ 8:24* | *"তাই আমি তোমাদের বলি যে তোমরা পাপের ফলে মৃত্যু লাভ করবে; যদি তোমরা বিশ্বাস না কর যে আমিই তিনি, তবে তোমাদের মৃত্যু নিশ্চিত।"* |
| *অ্যাক্টস্ 4:12* | *অন্য কিছুতে দাসত্ব নয়, এই স্থানে মানুষের দেওয়া এমন কোনো নাম নেই যাঁকে স্মরণ করে আমরা মুক্তিলাভ করতে পারি।"* |
| *রোম 10:13* | *তাই "যারা প্রভুর নামে বিশ্বাস করবে তারাই মুক্তিলাভ করবে।"* |
| *রোম 10:11* | *ধর্মগ্রন্থে বলা রয়েছে, "যারা তাঁর ওপর বিশ্বাস রাখবে তাদের কোনো লজ্জায় পড়তে হবে না।"* |
| *রোম 2:11* | *কারণ ঈশ্বর কখনো পক্ষপাতিত্ব করেন না।* |
| *রোম 3:22* | *যদিও প্রভু যীশুর ওপরে বিশ্বাসের মাধ্যমে ঈশ্বরের ন্যায় সকলের ওপর সমান যারা তাঁর ওপর আস্থা রাখে। তাই সেখানে কোনো পক্ষপাত নেই;* |
| *রোম 10:9* | *যদি তোমরা নিজেদের মুখে স্বীকার কর যে প্রভু যীশুই তোমাদের ঈশ্বর এবং মন থেকে বিশ্বাস কর যে ঈশ্বর তাঁকে মৃত্যু থেকে পুনর্জাগরিত করেছেন, তবে তোমরা নিশ্চিতভাবেই রক্ষা পাবে।* |

আমরা কিভাবে পাপ থেকে মুক্ত হতে পারি এবং এই নতুন জীবন পেতে পারি? যীশুকে আমাদের প্রভূ এবং রক্ষাকর্তা হিসেবে বিশ্বাস করার মাধ্যমে। আমরা যদি আমাদের পাপের জন্য অনুশোচনা করি এবং প্রভূ যীশুকে আমাদের রক্ষা করতে এবং ক্ষমা করতে স্মরণ করি, তবে তিনি তাই করবেন। যীশু হলেন ঈশ্বরের পুত্র যিনি এই পৃথিবীতে এসেছিলেন আমাদের পাপের শাস্তিস্বরূপ মৃত্যু বরণ করতে। এই পৃথিবীর যে কোন ব্যক্তি যদি প্রভূ যীশুর ওপর আস্থা স্থাপন করে তবে সে ঈশ্বরের কাছ থেকে নিজের কৃত পাপের জন্য ক্ষমা লাভ করবে, নিজের পাপ (এবং নরক) থেকে রক্ষা পাবে এবং ঈশ্বরের কাছ থেকে নতুন জীবন লাভ করবে। ঈশ্বর কখনও পক্ষপাত করেন না। আমাদের যে দেশে আমরা বাস করি, যে ভাষায় আমরা কথা বলি, আমরা ধনী বা দরিদ্র, পুরুষ বা নারী, যুবক বা বৃদ্ধ, অথবা অন্য কোনো শারিরীক পার্থক্য ঈশ্বর কোনো কিছুর দ্বারাই প্রভাবিত হন না। যে কোনো ব্যক্তিই যদি ঈশ্বরে বিশ্বাস করে এবং তাঁর কাছে নিজের অপরাধ স্বীকার করে তবে ঈশ্বর তাকে রক্ষা করেন। আপনি যদি

নিশ্চিত হন যে আপনি প্রভু যীশুকে অনুসরণ করবেন তবে নিম্নলিখিত অনুচ্ছেদটি আপনি প্রার্থনা হিসেবে অনুসরণ করতে পারেন:

স্বর্গের ঈশ্বর, নিজের একমাত্র পুত্র, যীশুকে, এই পৃথিবীতে পাঠানোর জন্য অসংখ্য ধন্যবাদ, এবং যিনি আমার কৃত পাপের জন্য মৃত্যুবরণ করেন যার ফলে আমি হয়ত রক্ষা পাব এবং স্বর্গ থেকে নতুন জীবন লাভ করব। আমি আমার পাপের জন্য অনুশোচনা করি এবং ক্ষমা প্রার্থনা করি। আমি প্রভু যীশুকে বিশ্বাস করি এবং তাঁকেই আমার প্রভু এবং রক্ষাকর্তা হিসেবে গ্রহন করি। এই নতুন জীবনে আমাকে সাহায্য করুন এবং পথ দেখান যাতে আমি এমন জীবন যাপন করতে পারি যা আপনাকে খুশি করে। আমেন

যদি আপনি ওপরের প্রার্থনাটি অনুসরণ করে থাকেন, তবে ঈশ্বরকে বলুন যাতে তিনি আপনাকে কোনো গীর্জার অনুসন্ধান দেন যেখানে আপনি যেতে পারেন। প্রার্থনার সময় প্রতিদিন ঈশ্বরের সাথে কথা বলুন এবং ঈশ্বর আপনার সাথে কথা বলবেন। ঈশ্বরের বাণী শুনুন। ঈশ্বর আপনাকে পথ দেখাবেন। তিনি আপনাকে ভালোবাসেন এবং আপনার যত্ন নেবেন। আপনি তাঁকে বিশ্বাস করতে পারেন। যারা তাঁকে বিশ্বাস করেন তিনি কখনও তাদের অকৃতকার্য করেন না। ঈশ্বর হলেন মহান ঈশ্বর। তাঁকে বিশ্বাস করা যায়। আপনি নিজের জীবনের জন্য তাঁর ওপর নির্ভর করতে পারেন। নিজের চাহিদাগুলোকে তাঁর সামনে তুলে ধরুন। তিনি আপনার কথা ভাবেন এবং আপনাকে আশীর্ব্বাদ করেন। ঈশ্বর বলেন, ‘আমি তোমাকে কখনও কিছুর জন্যই ছেড়ে যাব না’। ঈশ্বরে বিশ্বাস রাখুন। প্রভু যীশুর দ্বারা ঈশ্বরের আশীর্ব্বাদ লাভ করুন।

জন-এর বইটি থেকে শুরু করে, প্রতিদিন বাইবেল পড়ুন। ইন্টারনেটে আরও তথ্যের জন্য, এখানে ক্লিক করুন।